কালের কণ্ঠ

তারিখ ... 2 APR 2017
পৃষ্ঠা ৬ ... কলাম ৮

### হাজী দানেশ বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে আহত ৮

**দিনাজপুর প্রতিনিধি ▷**

দিনাজপুরের হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের নয়ন ও তারেক (দুই) গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়াসহ হাতাহাতিতে আটজন আহত হয়েছে। তাদের মধ্যে চারজনকে দিনাজপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল শনিবার সকাল থেকে দুপুর আড়াইটা পর্যন্ত কয়েক দফায় ধাওয়া-পাল্টাধাওয়াসহ হাতাহাতির ওই ঘটনা ঘটেছে। তবে সংঘর্ষের সূত্রপাতের বিষয়ে পরস্পর বিরোধী দাবি করছে উভয় পক্ষের অনুসারীরা।

জানা গেছে, সকাল ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় প্রবেশপথে জঙ্গিবিরোধী মানববন্ধন কর্মসূচি শুরু করে ছাত্রলীগের তারেক গ্রুপের নেতাকর্মীরা। এ সময় নাহিদ ইসলাম নয়ন গ্রুপের নেতাকর্মীদের চাপ দেওয়া হয় কর্মসূচিতে অংশগ্রহণের জন্য। তারেকের নেতৃত্বাধীন কর্মসূচিতে অংশ নিতে রাজি না হয়ে কটূক্তি করলে নয়ন গ্রুপের অনুসারী কয়েক ছাত্রকে লাঞ্ছিত করা হয়। ওই ঘটনার জের ধরে দুপুর আড়াইটা পর্যন্ত কয়েক দফায় হাতাহাতি ও ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনায় আহত হয় আট ছাত্র। তাদের মধ্যে নয়ন গ্রুপের অপূর্ব সরকার অপু, শাহ আলম, মোহাম্মদ আলী ও মাসুদকে দিনাজপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সামনে দিনাজপুর-ঢাকা মহাসড়কে আমিনুল, তারেক, পলাশ, রবি, আশরাফুল, মাসুম, রায়হান ও ওমর ফারুকের নেতৃত্বে তারেক গ্রুপের অনুসারীদের জঙ্গিবিরোধী মানববন্ধন কর্মসূচিতে সাধারণ ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করতে চাইলে ছাত্রলীগের অপর অংশ তাদের বাধা দেয়। অংশ নেওয়া ফজিলাতুননেসা হলের আবাসিক তৃতীয় বর্ষের দ্বিতীয় সেমিস্টারের ছাত্রী তাসমিয়া অমি, মুর্তজা খানম, মামুনা রহমান মিম, আশি ইকবাল ও স্মৃতি আক্তারকে কটূক্তি করায় নয়ন গ্রুপের অনুসারীদের সঙ্গে ওই সংঘর্ষের সূত্রপাত হয়।

এদিকে জিয়া হল দখলের চেষ্টাকে কেন্দ্র করে সংঘর্ষ ঘটেছে বলে দাবি করছে নয়ন গ্রুপের অনুসারীরা। তারা জানায়, দীর্ঘদিন ধরে জিয়া হলের কর্তৃত্ব নিয়ে ছাত্রলীগ নেতা আশরাফুল ও সাদ্দামের মধ্যে বিরোধ চলে আসছিল। গতকাল সকাল ১০টায় জিয়া হলের ছাত্র জ্যাকি ও কিবরিয়া বিশ্ববিদ্যালয়ের সামনে বাঁশেরহাট বাজারে নাশতা করতে গেলে ছাত্রলীগের তারেক গ্রুপের নেতা পলাশ ও কর্মী রিয়াদসহ অন্যরা তাদের লাঞ্ছিত করে। ওই ঘটনায় জিয়া হলে সাদ্দাম ও আশরাফুলের সমর্থকরা দফায় দফায় ধাওয়া-পাল্টাধাওয়াসহ সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় আতঙ্ক ও উৎকণ্ঠায় ছিল জিয়া হলের আবাসিক বিদেশি শিক্ষার্থীরা।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের কমিটি না থাকায় সংগঠনের নেতৃত্ব ও কর্তৃত্ব নিয়ে নয়ন ও তারেক গ্রুপের সমর্থকরা মারমুখী অবস্থানে রয়েছে।

> আহতদের দিনাজপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর